# পিসির ঝুটঝামেলা

**ট্রাবলশুটার টিম**

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন ইন্টেল কোরআই৫, গিগাবাইট এইচ৬১এম-এস২পিভি রেভ২.২ মাদারবোর্ড, ৮ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম ও এএমডি রাডেওন এইচডি ৬৪৫০ ১ গিগাবাইট গ্রাফিক্স কার্ড। আমার পিসিতে গ্র্যান্ড থেফট অটো ৫ বা কল অব ডিউটি ব্ল্যাক অপস ৩ ধরনের গেমগুলো খেলা যায় না। তবে জিটিএ ৫ লো রেজ্যুলেশন মোডে ভালোই চলে। আমার পিসিতে ভালোমানের পাওয়ার সাপ্লাই ইউনিট (পিএসইউ) নেই। গ্রাফিক্স কার্ড আপগ্রেড করলে তখন কিনে নেব। আমি এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৬০ ৪ গিগাবাইট গ্রাফিক্স কার্ডটি কিনতে ইচ্ছুক। আমার যে মাদারবোর্ডটি আছে তা কি এই গ্রাফিক্স কার্ডের চাপ সামলাতে পারবে? এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৭০ ৪ গিগাবাইট গ্রাফিক্স কার্ডটি কি এই মাদারবোর্ডে সাপোর্ট করবে?

–জিহাদ রহমান

**সমাধান :** গ্রাফিক্স কার্ডের কারণেই গেমগুলো আপনার পিসিতে চলছে না। এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৬০ বা ৯৭০ যেকোনো গ্রাফিক্স কার্ড কিনে তার সাথে ভালোমানের পাওয়ার সাপ্লাই ইউনিট কিনে নিলে এসব গেম অনায়াসে খেলতে পারবেন। আপনার পিসির যে মাদারবোর্ড আছে, তা উল্লিখিত গ্রাফিক্স কার্ড দুটিই সাপোর্ট করবে। তাই চিন্তার কোনো কারণ নেই। নতুন গ্রাফিক্স কার্ড লাগানোর পর নতুন গেমগুলো হাই রেজ্যুলেশনে খেলতে পারবেন। কারণ, আপনার পিসির প্রসেসর গেমিংয়ের জন্য যথেষ্ট শক্তিশালী এবং র‌্যামের পরিমাণও বেশ ভালো। নতুন এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৯৬০ বা ৯৭০ এবং সাথে বেশি ওয়াটের পিএসইউ কিনে নিলে আর কিছুর দরকার পড়বে না।

**সমস্যা :** আমার পিসির কনফিগারেশন হলো– গিগাবাইট বি৮৫ জি১-স্নাইপার-বি৫ ফোর্থ জেনারেশন এলজিএ ১১৫০ সকেট মাদারবোর্ড, ইন্টেল কোরআই৭ ৪৭৭০ ৩.৪ গিগাহার্টজ ফোর্থ জেনারেশন প্রসেসর, ট্রান্সসেন্ড ৮ গিগাবাইট ডিডিআর৩ ১৬০০ মেগাহার্টজ বাসস্পিড র‌্যাম, স্যাফায়ার এএমডি রাডেওন এইচডি ৬৪৫০ ২ গিগাহার্টজ ডিডিআর৩ পিসিআই এক্সপ্রেস গ্রাফিক্স কার্ড, ওয়েস্টার্ন ডিজিটাল ১ টেরাবাইট সাটা হার্ডডিস্ক, স্যামসাং এসএইচ-২২৪এফবি ডুয়াল লেয়ার ইন্টারনাল ডিভিডি রাইটার, স্যামসাং এস১৯বি১৫০বি ১৮.৫ ইঞ্চি ওয়াইড স্ক্রিন এলইডি মনিটর, থার্মালটেক ৪৫০ ওয়াট লাইট পাওয়ার ব্ল্যাক এটিএক্স ১২ভি এবং অ্যাপোলো ইউপিএস। পিসির সমস্যা হলো– পিসি চালু করার কিছুক্ষণের মধ্যে বা অনেকক্ষণ পর (৩-৪ ঘণ্টা) হঠাৎ করে নীল স্ক্রিন দেখিয়ে বন্ধ হয়ে যায়। বর্তমানে আমার পিসিতে উইন্ডোজ ১০ ইনস্টল করা আছে। কিন্তু উইন্ডোজ ৭ ও ৮ দিয়েও চেক করে দেখেছি এ সমস্যা ঠিক হয় না। পিসির ওয়ারেন্টি আছে। তাই ওয়ারেন্টিতে দিয়েছিলাম। কিন্তু তারা উল্টাপাল্টা কথা বলে। তাই কমপিউটার জগৎ-এর শরণাপন্ন হলাম।

–ফজলুল হক ইমরান

**সমাধান :** আপনি যে সমস্যায় পড়েছেন তাকে বলা হয় ব্লু স্ক্রিন অব ডেথ। অনেক কারণে এটি হতে পারে। যেমন– রেজিস্ট্রি ফাইলে সমস্যা, উইন্ডোজ আপডেটে সমস্যা, র‌্যামের সমস্যা, সফটওয়্যারের সমস্যা, হার্ডডিস্কের সমস্যা, ড্রাইভারের সমস্যা ইত্যাদি। আপনি বেশ কয়েকটি উইন্ডোজ ভার্সন ব্যবহার করার পরও সমস্যাটি থেকে গেছে। তাই মনে হচ্ছে, সমস্যাটি হার্ডওয়্যারের কারণে হচ্ছে। আপনার র‌্যাম দুটি চেক করে দেখুন। প্রথমে র‌্যামের যেকোনো একটি খুলে রেখে পিসি চালান। দেখুন এ সমস্যা দেখা দেয় কি না। যদি দেখা দেয়, তবে র‌্যামটি খুলে দ্বিতীয় র‌্যামটি লাগিয়ে একইভাবে পরীক্ষা করুন। যে র‌্যাম লাগানো অবস্থায় সমস্যা দেখা দিচ্ছে তা শনাক্ত করুন। যদি র‌্যামে সমস্যার কারণে হয়ে থাকে, তবে র‌্যামটির ওয়ারেন্টি ক্লেইম করুন। আর যদি র‌্যাম পরীক্ষা করার পরও কোনো সমাধান না পান, তবে সমস্যা হার্ডডিস্কে হতে পারে। হার্ডডিস্কের সব ড্রাইভ ভালো করে স্ক্যানডিস্ক ও ডিফ্র্যাগমেন্ট করে নিলে পিসির সমস্যা সমাধান হতে পারে। পিসির ড্রাইভারগুলো ঠিকমতো আপডেট করা আছে কি না বা সেগুলো সিস্টেমের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তাও পরীক্ষা করে দেখুন। পিসির সব ডিভাইস খুলে পিসি ভালো করে পরিষ্কার করে তা আবার লাগিয়ে দেখুন সমস্যার সমাধান হয় কি না।

**সমস্যা :** নতুন পিসি কিনেছি কিছুদিন আগে। আমার পিসির কনফিগারেশন হলো– ইন্টেল ডুয়াল কোর ৩.২ গিগাহার্টজ প্রসেসর, গিগাবাইট এইচ৮১ চিপসেটের মাদারবোর্ড, ৪ গিগাবাইট র‌্যাম ও উইন্ডোজ সেভেন ৩২ বিট অপারেটিং সিস্টেম। নতুন পিসি কেনার পর গ্র্যান্ড থেফট অটো ভাইস সিটি খেলেছি দুই দিন। সকালে খেলার পর পিসি বন্ধ করে বিকেলে চালু করার পর আর পিসি অন হয় না। সার্ভিস সেন্টার থেকে নতুন করে উইন্ডোজ দিয়ে আনার পর ভাইস সিটি গেম ইনস্টল হয় না। দেখায় ভিডিও মেমরি ফুল। এ অবস্থায় কি করলে এই সমস্যা থেকে মুক্তি পাওয়া যাবে?

–আবির আহমেদ

**সমাধান :** আপনার পিসির মাদারবোর্ডের বিল্টইন গ্রাফিক্স ড্রাইভারটি ঠিকমতো ইনস্টল করে নিন। যদি ডিস্ক না থাকে, তবে উইন্ডোজ ৭ সাপোর্টেড ড্রাইভার ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিন গিগাবাইটের ওয়েবসাইট থেকে। মাদারবোর্ডের মডেল লিখে গিগাবাইটের ওয়েবসাইটে সার্চ দিলেই ড্রাইভারের লিস্ট পাবেন। সেখান থেকে আপডেটেড ড্রাইভারটি ডাউনলোড করে ইনস্টল করে নিন। আপনার পিসির র‌্যাম ৪ গিগাবাইট, কিন্তু অপারেটিং সিস্টেম ৩২ বিট। এজন্য র‌্যামের ফুল পারফরম্যান্স পাবেন না। ৪ গিগাবাইট র‌্যামের পুরোটা ব্যবহার করার জন্য আপনাকে ৬৪ বিট অপারেটিং সিস্টেম ব্যবহার করতে হবে। ৬৪ বিট অপারেটিং সিস্টেম ইনস্টল করলে তখন সব ড্রাইভারও ৬৪ বিট সাপোর্টেড কি না তা দেখে নামাতে হবে। এরপর যখন উইন্ডোজ বদল করবেন, তখন উইন্ডোজ সেভেন ৬৪ বিট অপারেটিং সিস্টেম ইনস্টল করে নিতে পারেন। আপাতত যেটা ইনস্টল করা আছে তা দিয়েই পিসি চালান। গ্রাফিক্স ড্রাইভারের সাথে সাথে ডিরেক্টএক্স আপডেট করা আছে কি না সেটাও দেখে নিন। আপডেট করা না থাকলে সেটা আপডেট করে নিন। তাহলেই জিটিএ ভাইস সিটি গেমটি চালাতে পারবেন কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*

জেনে নিন

## বায়োমেট্রিকে নিবন্ধন হয়েছেন কি না যাচাই করুন

সিম নিবন্ধন সঠিকভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাইয়ের জন্য নিচের পদ্ধতিগুলো অনুসরণ করতে পারেন–

**০১. বাংলালিংক নিবন্ধন যাচাই :** বাংলালিংকের গ্রাহকেরা *১৬০০*১# ডায়াল করে নিবন্ধন যাচাই করতে পারেন। আপনার নিবন্ধন যদি সঠিকভাবে সম্পন্ন হয়ে থাকে, তবে মেসেজে আসবে– ইউর কানেকশন হ্যাভ অলরেডি বিন বায়োমেট্রিক রি-ভেরিফাইড অন (তারিখ)। থ্যাঙ্ক ইউ ফর ইউজিং বাংলালিংক।

**০২. গ্রামীণফোন নিবন্ধন যাচাই :** মেসেজ অপশনে গিয়ে reg লিখে ৪৯৪৯ নম্বরে সেন্ড করুন। ফিরতি ক্ষুদে বার্তায় কী লেখা আসে পড়ুন।

**০৩. রবি নিবন্ধন যাচাই :** *৬৪৩# লিখে কল বাটন চাপুন। একটি ক্ষুদে বার্তা আসবে, অনুসরণ করে ১ লিখে সেন্ড করুন। ফিরতি ক্ষুদে বার্তায় কী লেখা আসে পড়ুন।

**০৪. এয়ারটেল নিবন্ধন যাচাই :** *১২১*৪৪৪# লিখে কল বাটন চাপুন। ফিরতি ক্ষুদে বার্তায় কী লেখা আসে পড়ুন। নিজেই জানতে পারবেন আপনার সিম বায়োমেট্রিকে নিবন্ধিত কি না।

**০৫. টেলিটক নিবন্ধন যাচাই :** আপনার মোবাইলের মেসেজ অপশনে গিয়ে ইংরেজি Q লিখে ১৬০০ নম্বরে পাঠিয়ে দিন। ফিরতি এসএমএসে জেনে যাবেন আপনার সিমটি বায়োমেট্রিক পদ্ধতিতে নিবন্ধিত হয়েছে কি না।